

## আল-কাসাস | Al-Qasas | ٱلْقَصِيَصِ

আয়াতঃ ২৮:১৮

## **া** আরবি মূল আয়াত:

فَاصبَحَ فِي المَدِينَةِ خَآئِفًا يَّتَرَقَّبُ فَإِذَا الَّذِي استَنصرَهُ بِالاَمسِ يَستَصرِخُهُ اللهَ مُوسِي إِنَّكَ لَغَوِيٌّ مُّبِينٌ ﴿١٨﴾

## 

অতঃপর ভীত প্রতীক্ষারত অবস্থায় সেই শহরে তার সকাল হল। হঠাৎ সে শুনতে পেল, যে লোকটি গতকাল তার কাছে সাহায্য চেয়েছিল, সে আবার সাহায্যের জন্য চিৎকার করছে। মূসা তাকে বলল, 'নিশ্চয় তুমি তো একজন স্পষ্ট বিভ্রান্ত ব্যক্তি'। — আল-বায়ান

শহরে তার সকাল হল ভীত-সন্ত্রস্ত অবস্থায়। হঠাৎ সে শুনল যে লোকটি গতকাল তার কাছে সাহায্য চেয়েছিল (আবার) সে সাহায্যের জন্য চীৎকার করছে। মূসা তাকে বলল- 'তুমি প্রকাশ্যই একজন বেওকুফ লোক। — তাইসিক্রল

অতঃপর ভীত সতর্ক অবস্থায় সেই নগরীতে তার প্রভাত হল। হঠাৎ সে শুনতে পেলো, পূর্বদিন যে ব্যক্তি তার সাহায্য চেয়েছিল সে তার সাহায্যের জন্য চীৎকার করছে। মূসা তাকে বললঃ তুমিতো সুস্পষ্টই একজন বিভ্রান্ত ব্যক্তি। — মুজিবুর রহমান

And he became inside the city fearful and anticipating [exposure], when suddenly the one who sought his help the previous day cried out to him [once again]. Moses said to him, "Indeed, you are an evident, [persistent] deviator." — Sahih International

১৮. অতঃপর ভীত সতর্ক অবস্থায় সে নগরীতে তার ভোর হল। হঠাৎ তিনি শুনতে পেলেন আগের দিন যে ব্যক্তি গতকাল তার সাহায্য চেয়েছিল, সে সাহায্যের জন্য চিৎকার করছে। মূসা তাকে বললেন, তুমি তো স্পষ্টই একজন বিদ্রান্ত ব্যক্তি।(১)

(১) অর্থাৎ তুমি ঝগড়াটে স্বভাবের বলে মনে হচ্ছে। প্রতিদিন কারো না কারো সাথে তোমার ঝগড়া হতেই থাকে। গতকাল একজনের সাথে ঝগড়া বাধিয়েছিলে, আজ আবার আরেকজনের সাথে বাধিয়েছো। [বাগভী]

তাফসীরে জাকারিয়া

(১৮) অতঃপর ভীত-সতর্ক অবস্থায়[1] সে নগরীতে তার প্রভাত হল। হঠাৎ সে শুনতে পেল, গতকাল যে



ব্যক্তি তার সাহায্য চেয়েছিল, সে তার সাহায্যের জন্য চীৎকার করছে। মূসা তাকে বলল, 'নিশ্চয় তুমি একজন সুস্পষ্ট বিভ্রান্ত ব্যক্তি।' [2]

- [1] خَانَفًا ভয়ে ভয়ে يَتَرَقّب এদিক-ওদিক দেখে আর নিজের ব্যাপারে শঙ্কিত হয়ে। অর্থাৎ, ভীত-সতর্ক অবস্থায়।
- [2] অর্থাৎ, মূসা (আঃ) তাকে ধমক দিয়ে বললেন, তোমাকে গত কাল একজনের সঙ্গে ঝগড়া করতে দেখেছিলাম আবার আজও একজনের সাথে ঝগড়া করছ? 'তুমি একজন সুস্পষ্ট বিভ্রান্ত ব্যক্তি' কথার অর্থঃ সত্যই তুমি একজন ঝগড়াটে মানুষ।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3270

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন